

উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি এএইচ ইরফান উদ্দিন আহমেদ
 উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া
 তারিখ ০৪/১০/২০২৩ খ্রিঃ
 সভার সময় সকাল ১১.০০ ঘটিকায়
 স্থান উপজেলা পরিষদ মিলনায়তন, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
 উপস্থিতি পরিশিষ্ট "ক"


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভাপতি সদস্য সচিব, উপজেলা কৃষি অফিসারকে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য অনুরোধ করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিয়লিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
<p>১। সারের বরাদ্দ, উত্তোলন, বিতরণ ও মজুদ পরিস্থিতি সংক্রান্ত আলোচনা:</p> <p>সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া জানান যে বিজয়নগর উপজেলায় বর্তমানে ইউরিয়া-৯৫ মে. টন, টিএসপি ১৪ মে. টন, এমওপি ১৩ মে. টন ও ডিএপি ৪৫ মে. টন সার মজুদ আছে। বর্তমানে সারের মজুদ সন্তোষজনক। ডিলারগণ সময়মত সার উত্তোলন, প্রশাসনিক সার্বিক সহযোগিতা এবং সুষ্ঠু মনিটরিং এর জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার পরামর্শ প্রদান করেন। ডিলারগণ যেন বরাদ্দকৃত সমস্ত ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সার দ্রুত উত্তোলন ও সংশ্লিষ্ট গুদামে মজুদ করে আগমনী বার্তা জমা যথাসময়ে প্রদান করেন ও সুষ্ঠু মনিটরিং উপর সভাপতি অধিক গুরুত্বারোপ করেন এবং এ বিষয়ে মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য তিনি সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়াকে অনুরোধ করেন।</p>	<p>১. ক) বরাদ্দকৃত সমস্ত ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সার ডিলারগণ দ্রুত উত্তোলনের ব্যবস্থা করে আগমনী বার্তা যথাসময়ে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।</p>	<p>উপজেলা কৃষি অফিসার এবং বিএফএ, ব্রাহ্মণবাড়িয়া</p>
<p>২। মৃত্যুজনিত কারণে স্বাভাবিককারী নাম পরিবর্তন সংক্রান্ত আলোচনা</p> <p>সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া জানান যে এএ উপজেলার বিসিআইসি সার ডিলার মেসার্স নারায়ন চন্দ্র রায় এর প্রোঃ নারায়ন চন্দ্র রায় বিগত ১৭/০৪/২০২৩ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করার কারণে ০৭/০৫/২৩ তারিখের উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক মেসার্স নারায়ন চন্দ্র রায় এর ডিলারশীপটি তাঁর ওয়ারীশ এর নামে হস্তান্তরের স্বপক্ষে যুগ জেলা জজ, ১ম আদালত, ব্রাহ্মণবাড়িয়া মহোদয়ের বৈধ ওয়ারীশের সাকশেশন সহ প্রয়োজনীয় কাগজপত্রাদি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে দাখিল করেন। এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>৪. ক) মেসার্স নারায়ন চন্দ্র রায় এর ডিলারশীপটি তাঁর উপযুক্ত ওয়ারীশ জনাব বিধান রায় এর নামে হস্তান্তরের জন্য দাখিলকৃত কাগজপত্রাদি জেলা সার ও বীজ মনিটরিং কমিটির বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার</p>

১৭

<p>৩. মেসার্স আকিফ ট্রেডার্স এর ডিলারশীপ বাতিল সংক্রান্ত আলোচনা: মেসার্স আকিফ ট্রেডার্স, বৃহত্তি, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া একজন বিটি এয়ার্স ডিলার তিনি শারীরিক অসুস্থতাসহ নানাবিধ সমস্যার কারণে তাহার ডিলারশীপ বাতিলকরণ ও জামানতের টাকা ফেরত প্রদানের জন্য তাহার স্ব ব্যাখ্যায়িত আবেদন উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির বরাবর দাখিল করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>৪. ডিলারশীপ বাতিলকরণ ও জামানতের টাকা ফেরত প্রদানের জন্য মেসার্স আকিফ ট্রেডার্স, বৃহত্তি, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া এর স্ব ব্যাখ্যায়িত আবেদনটি জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার</p>
---	---	--

সভাপতি আবারো সঠিক সময়ে সার উত্তোলন, আগমনী বার্তা জমা প্রদান, রশিদের মাধ্যমে কৃষকের নিকট সার বিক্রয় নিশ্চিতকরণসহ সুষ্ঠু মনিটরিং এর উপর গুরুত্বারোপ করেন এবং সংশ্লিষ্ট সকলকে অধিকতর সক্রিয় হওয়ার পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এএইচ ইরফান উদ্দিন আহমেদ

উপজেলা নির্বাহী অফিসার

বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া

ও

সভাপতি

উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি

বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং: ৪৭২

তারিখ: ০৪/১০/২০২৬


অনুলিপি সদয় আবগতির জন্য প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং, ব্রাহ্মণবাড়িয়া।

২। উপপরিচালক, ডিএই, ব্রাহ্মণবাড়িয়া ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং, ব্রাহ্মণবাড়িয়া।

৩। জনাব..... সদস্য(সকল)

৪। অফিস নথি



শাকির আহমেদ

উপজেলা কৃষি অফিসার

বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া

ও

সদস্য সচিব

উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি

বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।